দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ১

ঢা.বি'র ৫১৯ ছাত্রছাত্রীর বিবৃতি

# শিক্ষাঙ্গনে ছাত্ররাজনীতি বন্ধের উদ্যোগ নিন

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১৯ জন ছাত্র-ছাত্রী এক বিবৃতিতে অবিলম্বে শিক্ষাঙ্গনে ছাত্ররাজনীতি বন্ধের উদ্যোগ গ্রহণের জন্য সরকার ও বিরোধী দলসহ সকল মহলের প্রতি আহ্বান জানিয়েছে। বিবৃতিতে তারা উল্লেখ করে, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সংঘাত-সংঘর্ষ, অনৈক্য, অশান্তির করাল গ্রাস থেকে উদ্ধার করার স্বার্থে অবিলম্বে ছাত্ররাজনীতি বন্ধের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

বিবৃতিতে বলা হয়, অতিসম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঘটে যাওয়া অপ্রীতিকর ঘটনার পেছনে মূল ইন্ধন যুগিয়েছে তথাকথিত ছাত্ররাজনীতি। কতিপয় ছাত্র নেত্রীর ব্যক্তিগত হীন অভিলাষ চরিতার্থ করা নিয়ে যে বিরোধ সৃষ্টি হয়েছিল, পরবর্তীতে সেটাই বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথমবারের মত ছাত্রী হলে বর্বর পুলিশী নির্যাতনের কারণ হয়ে দাঁড়িয়েছিল। এর পরের ঘটনাবলী পুরো জাতির কাছে পরিষ্কার। বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যাওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩০ হাজার ছাত্র-ছাত্রীর জীবন আজ দুর্বিষহ।

বিশ্ববিদ্যালয় খুলে দিলেও সাধারণ ছাত্র-ছাত্রীদের নিস্তার নেই ক্যাম্পাসে, হলগুলোতে প্রতিনিয়ত তাদেরকে ছাত্র নেতাদের আক্রোশের শিকার হতে হবে।

আর সাধারণ ছাত্র-ছাত্রীরা নীরবে-নিঃশব্দে এসব নির্যাতন সহ্যই করে যাবে বছরের পর বছর। সামান্যতম সময়ের জন্যও ক্যাম্পাসে এই ভীতিকর পরিস্থিতি বিরাজ করুক, এটা আমরা চাই না। একটি সফল ছাত্র আন্দোলনের ইতিহাস রচনার পর আমরা আর কোন নির্যাতন চাই না। বিবৃতিতে অবিলম্বে সকল অন্যায়-অত্যাচার, সংঘাত-সংঘর্ষের জনক ছাত্ররাজনীতি বন্ধের উদ্যোগ নিয়ে জাতির ভবিষ্যৎ ছাত্র সমাজকে রক্ষায় সকল মহলকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়। বিবৃতিতে স্বাক্ষর প্রদান করে ঃ আখতার হোসেন, সানজিদা খাতুন, বরকত উল্লাহ, রঞ্জিত, জেসমিন, আক্তার, মিজানুর রহমান, রোকসানা ওয়াজেদ, লাবণী মন্ডল, সাবিনা ইয়াসমিন, মিতালী মুখার্জী প্রমুখ।